

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫২৮

২৩. কুরআনের ফ্যীলত অধ্যায় (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ৩৪. কুরআন সুমধুর সূরে পাঠ করা

باب التَّغَنِّي بِالْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا جَعْفَرُ بْنُ عَوْنٍ أَخْبَرَنَا مِسْعَرٌ عَنْ عَبْدِ الْكَرِيمِ عَنْ طَاوُسٍ قَالَ سُئِلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيُّ النَّاسِ أَحْسَنُ صَوْتًا لِلْقُرْآنِ وَأَحْسَنُ قِرَاءَةً قَالَ مَنْ إِذَا سَمِعْتَهُ يَقْرَأُ أَنِ وَأَحْسَنُ قِرَاءَةً قَالَ مَنْ إِذَا سَمِعْتَهُ يَقْرَأُ أَنِ وَأَحْسَنُ قِرَاءَةً قَالَ مَنْ إِذَا سَمِعْتَهُ يَقْرَأُ أَرِيتَ أَنَّهُ يَخْشَى اللَّهَ قَالَ طَاوُسٌ وَكَانَ طَلْقٌ كَذَلِكَ

বাংলা

৩৫২৮. তাউস হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করা হলো, কুরআন পাঠে স্বর ও কিরা'আতের দিক থেকে উত্তম কোন্ ব্যক্তি? তিনি বললেন: "সেই ব্যক্তি যাকে কুরআন পাঠের সময় তুমি আল্লাহকে ভয় করতে দেখবে।"[1] তাউস বলেন, তালক (রহঃ) এরূপ ব্যক্তি ছিলেন।

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ যয়ীফ; এতে দু'টি ত্রুটি বিদ্যমান। ১. আব্দুল কারীম ইবনু আবীল মাখারিখ এর দুর্বলতা।. ২. মুরসাল বর্ণনা

তাখরীজ: ইবনু আবী শাইবা ১০/৫৪৬ নং ৯৬৯৪; আবী উবাইদ, ফাযাইলুল কুরআন পৃ. ১৬৫ যয়ীফ সনদে; আবূ নুয়াইম, হিলইয়াতুল আউলিয়া ৪/১৯; যিকরু আখবারিল আসবাহান ২/৯০ যয়ীফ সনদে।

এছাড়া, তাবারাণী, কাবীর ১১/৭ নং ১০১৫২ ও আবূ উবাইদ, ফাযাইলুল কুরআন পৃ: ১৬৫ যয়ীফ সনদে। আরও দেখুন, ইবনু কাছীর, বিদায়াহ ৯/২৪৩; আবী শামাহ, মুরশিদুল ওয়াজীয পৃ: ১৯৯।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ তাউস (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন